# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationaboard.gov.bd

নং: ঢাশিবো/বি/৬৫৮/মানিক/৯৭০

তারিখ: ১০/০১/২০২২

**বিষয়: মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন 'চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়' (ইআইআইএননং-১১০৮৯০)-এ বিভিন্ন অনিয়ম ও অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক গৃহীত সিদ্ধান্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: ক) বোর্ডের পত্র নং-৬৫৮/মানিক/৮৪৮৯(৬), তারিখ-২৩/০৪/২০১৮;

খ) জনৈক মো: সোহেল রানা কর্তৃক ০৪/০৭/২০১৯ তারিখে প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ;

গ) তদন্ত কমিটি কর্তৃক ১৪/১০/২০২০ তারিখের প্রদত্ত প্রতিবেদনের সুপারিশ;

ঘ) কর্মচারী নিয়োগে অভিযোগের প্রেক্ষিতে বিগত ১৯/০৭/২০২১ তারিখের ৪০৮(৭) নং স্মারকে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করণপত্র।

ঙ) একালাবাসী এবং শিক্ষক প্রতিনিধির ২৮/০৭/২০২১ তারিখের অভিযোগ

চ) ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং: ঢাশিবো/বি/৬৫৮/মানিক/৪৪৬ তারিখঃ- ২৯/০৮/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত (চ) এ উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক গঠিত তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের আলোকে গৃহীত সিদ্ধান্ত প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ নিম্নে উল্লেখ করা হলো;

১. সূত্রোক্ত-(ক) মোতাবেক মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন 'চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়'-এর প্রধান শিক্ষক জনাব মো: আজিজুল হক (২৮৩৩৪৪) এর বিভিন্ন অনিয়মের কারণে বেতন-ভাতা (এমপিও) বন্ধ করার জন্য পত্র দেয়া হয়েছিল। কিন্তু মাউশি কর্তৃক ঐ সময় উক্ত প্রধান শিক্ষকের বেতন-ভাতা (এমপিও) বন্ধ করা হয়নি।

২. পরবর্তীতে সূত্রোক্ত-(খ) এর অভিযোগের প্রেক্ষিতে উক্ত শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে সূত্রোক্ত-(গ) এর আলোকে বোর্ড কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে প্রধান শিক্ষক জনাব মো: আজিজুল হক-এর বিরুদ্ধে আনীত অভিযোগ যথাক্রমে- শিক্ষক কর্মচারীদের মধ্যে দলাদলি, সহাকারী শিক্ষক মো: ফজলুল হককে বিদ্যালয়ে যাওয়ার পথে লোক জন দিয়ে মারপিট করণ, অর্থ আত্মসাৎ, ক্ষমতার দাপট ও আর্থিক অনিয়ম ইত্যাদি অভিযোগ প্রমাণিত হয়।এ ব্যাপারে তাঁকে সতর্ক করা সত্ত্বেও তিনি একই অনিয়ম বারবার করে যাচ্ছেন।

৩. এলাকাবাসী এবং শিক্ষক প্রতিনিধির অভিযোগের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত-(ঘ) স্মারকে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করণের অনুরোধ করে পত্র দেয়া সত্ত্বেও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ অনুযায়ী ৮০ (আশি) দিন পূর্বে নির্বাচন প্রক্রিয়া গ্রহন এবং প্রবিধি ১৪ অনুসারে ৩০ (ত্রিশ) দিন পূর্বে ম্যানেজিং কমিটি গঠনের উদ্দেশ্যে সদস্য নির্বাচন কার্য সম্পন্ন করার বিধান থাকা সত্ত্বেও উক্ত প্রধান শিক্ষক ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণেও ০৮ (আট) দিন পূর্বে সারাদেশে সাধারণ ছুটি থাকা অবস্থায় বিগত ২২/০৭/২০২১ তারিখে বিদ্যালয় প্রাঙ্গনের বাহিরে অত্যন্ত গোপনে ০৪ (চার) জন কর্মচারীর নিয়োগ পরীক্ষা গ্রহন করে ২৩/০৭/২০২১ তারিখ নিয়োগ পত্র ইস্যু এবং ২৪/০৭/২০২১ তারিখে বিদ্যালয়ে যোগদান ও করানো হয়। এ বিষয়ে প্রধান শিক্ষক জনাব মো: আজিজুল হকের বেতন ভাতা (এম.পি.ও) বন্ধের জন্য সূত্রোক্ত (চ) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়।

৪. তদন্ত প্রতিবেদনের আলোকে বিদ্যালয়টির একটি অংশ যমুনা নদীর পশ্চিম পাড়ে অ-অনুমোদিত ভাবে শিক্ষা কার্যাক্রম পরিচালনা করছে। প্রাকৃতিক ও ভৌগলিক ভাবে উক্ত প্রতিষ্ঠানটি একটি চরে অবস্থিত এবং সিরাজগঞ্জ জেলার সীমান্তবর্তী সেক্ষেত্রে বিদ্যালয়টি যমুনা নদীর পশ্চিম পাড়ে স্থানান্তর করা হলে শিক্ষার্থীর সংকট সহ প্রতিষ্ঠানের সার্বিক কোন উন্নতি হবে না মর্মে প্রতিবেদনে উল্লেখ আছে।

বর্তমানে যুমনা নদীর পূর্ব পাড়ে যেখানে বিদ্যালয়টি অবস্থিত উক্ত জমির উপর ভিত্তি ধরেই বিদ্যালয়টির প্রারম্ভিক পাঠদান ও স্বীকৃতি প্রদান করা হয়েছে। এক্ষেত্রে বিদ্যালয়টি যমুনা নদীর পূর্ব পাড়ে অর্থাৎ অনুমোদন/স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়ের জমির নিকটবর্তী এলাকায় শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য তদন্ত কর্মকর্তাগণ সুপারিশ করেছেন।

এমতাবস্থায়, অতিদ্রুত সময়ের মধ্যে বিদ্যালয়ের জন্য নিয়মতান্তিক ভাবে জমি সংগ্রহ করতে হবে এবং সংগৃহীত জমিতে সকল ছাত্র/ছাত্রীদের পাঠদানের উপযোগী ভৌত অবোকাঠামো নিমার্ণ করার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৫. বিদ্যালয়টির সম্পদ ব্যবস্থাপনা, তহবিল গঠন, আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থা, তহবিলের যথাযথ ব্যবহার এবং শিক্ষক কর্মচারীদের মধ্যে শৃংখলা বজায় রাখার লক্ষ্যে বিদ্যালয়টির প্রতি স্থানীয় প্রশাসন সহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কঠোর নজরদারির প্রয়োজনীয়তা রয়েছে। এ সংক্রান্ত বিষয়ে পরিচালক, পরির্দশন ও নিরীক্ষা অধিদপ্তর,ঢাকা কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা।

প্রাপক

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

বিতরণঃ

১.জেলা প্রশাসক,মানিকগঞ্জ
২.পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।

মেমো নং-৯৭০(১০) তারিখ: ১০/০১/২০২২

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
(প্রয়োজনীয় ব্যবস্থা ও সহযোগিতার অনুরোধ সহ)
৪। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ।
(প্রয়োজনীয় ব্যবস্থা ও সহযোগিতার অনুরোধ সহ)
৫। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ ।
৬। ভরপ্রাপ্ত কর্মকর্তা, দৌলতপুর থানা, মানিকগঞ্জ ।
(প্রয়োজনীয় ব্যবস্থা ও সহযোগিতার অনুরোধ সহ)
৭। সভাপতি, এডহক কমিটি, চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়, দৌলতপুর, মানিকগঞ্জ।
৮। প্রধান শিক্ষক, চরকাটারী সবুজ সেনা উচ্চ বিদ্যালয়, দৌলতপুর, মানিকগঞ্জ ।
৯। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অফিস কপি।

১০/০১/২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা।

১০.০২.২০২২